# সুগন্ধা পয়েন্টের বালিয়াড়ি দখল, স্থাপিত ৪০টিরও বেশি অবৈধ দোকান



সংগৃহীত ছবি

কক্সবাজার সমুদ্র সৈকতের সুগন্ধা পয়েন্টে প্রাকৃতিক বালিয়াড়ি দখল করে গড়ে তোলা হয়েছে ৪০টিরও বেশি দোকান। অথচ এই এলাকা ঘোষিত ‘নো ডেভেলপমেন্ট জোন’। অবৈধ স্থাপনা শুধু সৈকতের সৌন্দর্য নষ্ট করছে না, পরিবেশ ও পর্যটন ব্যবস্থাপনাকেও হুমকির মুখে ফেলছে।

বিশ্বের দীর্ঘতম সমুদ্র সৈকতের অন্যতম আকর্ষণীয় স্থান কক্সবাজারের সুগন্ধা পয়েন্ট। প্রতিদিন এখানে ভিড় করেন হাজারো পর্যটক। কিন্তু সাম্প্রতিক সময়ে এ অঞ্চলের প্রাকৃতিক বালিয়াড়ি দখল করে বসানো হয়েছে ৪০টিরও বেশি দোকান ও ব্যবসাপ্রতিষ্ঠান।

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) ও জেলা প্রশাসন জানিয়েছে, বালিয়াড়ি এলাকা ‘নো ডেভেলপমেন্ট জোন’ হিসেবে ঘোষিত, সেখানে কোনো স্থাপনা গড়ে তোলা সম্পূর্ণ নিষিদ্ধ। তবুও স্থানীয় একটি প্রভাবশালী চক্র সরকারি জমি দখল করে বিচ কাফে, খাবারের দোকান, কসমেটিক্স ও পোশাকের দোকানসহ নানা ধরনের ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলেছে।

বর্তমানে প্রায় ৪০ থেকে ৫০টি দোকান সক্রিয়ভাবে চলছে। পর্যটক টানতেই এসব দোকান স্থাপন করা হয়েছে। এর মধ্যে অনেক দোকানে অবৈধ বিদ্যুৎ সংযোগ ব্যবহার করা হচ্ছে এবং রাতে দোকান খোলা রাখা হয়।

ফলে একদিকে সৈকতের প্রাকৃতিক সৌন্দর্য ও পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে, অন্যদিকে পর্যটন ব্যবস্থাপনা পড়ছে চাপে।

LENS ASIA